

তথ্য পত্র

‘ফাস্ট ট্র্যাক’ আবেদনকারীদের আইনী সহায়তা - 30 জুন 2021 এর মধ্যে সাক্ষাৎকার দেওয়া হবে

ফেডারাল সরকারের ফাস্ট ট্র্যাক মূল্যায়ন প্রক্রিয়াধীনে প্রথমবার অস্থায়ী সুরক্ষা (টেম্পোরারি প্রোটেকশন ভিসা (TPV) বা সেফ হ্যাভেন এন্টারপ্রাইজ ভিসা (SHEV)-এর জন্য যাঁরা আবেদন করেছেন কিন্তু যাঁদের এখনও আবেদনের জন্য সাক্ষাৎকার নেওয়া হয়নি এই তথ্য পত্রটি এমন ব্যক্তিদের জন্য মূল তথ্যের রূপরেখা দেয়।

ডিপার্টমেন্ট অফ হোম অ্যাফেয়ারস (দ্যা ডিপার্টমেন্ট) ইঙ্গিত দিয়েছেন যে এই পরিস্থিতিতে থাকা প্রত্যেকের ২০ শে জুন ২০২১ সালের মধ্যে সাক্ষাৎকার নেওয়া হবে। এই পরিস্থিতিতে যে কেউ আছেন তাঁদের জন্য জরুরিভাবে আইনী সহায়তা নেওয়া অপরিহার্য

কারা সাক্ষাৎকারে অংশ নিতে আমন্ত্রিত হবেন?

যদি আপনি ২০১৫ থেকে ২০১৭ সালের মধ্যে কোনও TPV বা SHEV-র জন্য আবেদন করে থাকেন এবং ডিপার্টমেন্টের সাথে প্রোটেকশন ভিসা সাক্ষাৎকারে অংশ না নিয়ে থাকেন, তবে আপনাকে ২০ শে জুন ২০২১ এর আগে একটি সাক্ষাৎকারে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হতে পারে। ডিপার্টমেন্ট আপনাকে আপনার সাক্ষাৎকারের সময় এবং স্থানের বিবরণ সরবরাহ করে চিঠি লিখবে।

প্রোটেকশন ভিসা ইন্টারভিউ কি?

ডিপার্টমেন্টের কোনও কর্মকর্তাকে কেন আপনি আশঙ্কা করছেন যে আপনি যদি নিজের দেশে ফিরে যেতে বাধ্য হন তবে আপনার ক্ষতি করা হবে এ ব্যাপারে আপনার পক্ষে ব্যাখ্যা করার জন্য এবং আপনার কেস সমর্থন করতে কোনও অতিরিক্ত তথ্য সরবরাহ করার জন্য সাক্ষাৎকারটি একটি গুরুত্বপূর্ণ সুযোগ।

আপনার জন্য এই সাক্ষাৎকারে অংশ নেওয়া খুব গুরুত্বপূর্ণ। কোনও সাক্ষাৎকারে আপনার কেসটি ব্যাখ্যা করার এটিই আপনার একমাত্র সুযোগ হতে পারে।

আপনার এখন কি করা উচিত?

আপনার প্রথম TPV/SHEV আবেদন সম্পর্কে যদি আপনার এখনও সাক্ষাৎকার না নেওয়া হয় তবে এটি প্রয়োজনীয় যে:

1. আপনি আপনার সাক্ষাৎকারের আমন্ত্রণপত্রটি পেয়েছেন তা নিশ্চিত করার জন্য ডিপার্টমেন্টের কাছে আপনার বর্তমান যোগাযোগের বিশদ রয়েছে কিনা তা নিশ্চিত করুন আমাদের সংস্থা আপনাকে এটি করতে সহায়তা করতে পারে।
2. আপনার সাক্ষাৎকারের প্রস্তুতি সম্পর্কে যত তাড়াতাড়ি সম্ভব আইনী সহায়তা নিন। আইনী সহায়তার জন্য, অনুগ্রহ করে নীচে তালিকাভুক্ত আমাদের কোন একটি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করুন এবং আপনার

- TPV/SHEV অ্যাপ্লিকেশন সম্পর্কিত আপনার কাছে থাকা কোনও দলিল আমাদের কাছে ফরওয়ার্ড করুন।
3. **আপনার কেসের আপডেট হওয়া তথ্য এবং প্রমাণ সংগ্রহ করুন।** আপনার সাথে আপনার কেস সম্পর্কে কথা বলার পরে, আমরা আপনাকে ডিপার্টমেন্টের কাছে কীভাবে প্রমাণ সংগ্রহ করতে হবে এবং সরবরাহ করতে হবে সে সম্পর্কে পরামর্শ দিতে পারি।

**বিনামূল্যে আইনি সহায়তার জন্য নীচের কোন একটি সংস্থার সাথে
অনুগ্রহ করে যোগাযোগ করুন**

Refugee Legal 03 9413 0101 নম্বরে ফোন করুন বা ইমেইল করুন clinic@refugeelegal.org.au সাপ্তাহিক কার্যদিবসে কাল ৯টা থেকে বিকেল ৫টা (ভিক্টোরিয়া ও সাউথ অস্ট্রেলিয়ার মানুষদের জন্য)

ASRC 0422035324 নম্বরে সাপ্তাহিক কার্যদিবসে সকাল ৯টা থেকে বিকেল ৫টার মধ্যে ফোন করুন বা ইমেইল করুন legal@asrc.org.au এবং সাবজেক্ট লাইনে "Fast Track Interview" অন্তর্ভুক্ত করুন (ভিক্টোরিয়া ও সাউথ অস্ট্রেলিয়ার মানুষদের জন্য)

RACS (02) 8355 7227 নম্বরে ফোন করুন সোমবার – শুক্রবার, সকাল ১০টা – দুপুর ১টা, দুপুর ২টা- বিকেল ৪টা বা ইমেইল করুন admin@racs.org.au (নিউ সাউথ ওয়েলস এবং নর্দার্ন টেরিটোরির মানুষদের জন্য)

CIRCLE GREEN 08 6148 3648 নম্বরে ফোন করুন, ইমেইল করুন migration@circlegreen.org.au বা প্রতি মঙ্গলবার দুপুর ২টা – বিকেল ৫টা অবধি Riverview Church 1 Thorogood Road, Burswood-এ অবস্থিত Asylum Seeker Hub সেবাটিতে আসুন (ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ার মানুষদের জন্য))

RLS TAS Tasmanian Refugee Legal Service- এ 03 6169 9473 নম্বরে ফোন করুন বা ইমেইল করুন info@trls.org.au সাপ্তাহিক কার্যদিবসে সকাল ৯টা থেকে বিকেল ৫টা অবধি খোলা থাকে (তাসমানিয়ার মানুষদের জন্য)

RAILS (07) 3846 9300 নম্বরে সকাল ৯টা থেকে বিকেল ৫টা অবধি সোমবার- শুক্রবার ফোন করুন বা ইমেইল করুন (পছন্দনীয়) paralegal2@rails.org.au (কুইন্সল্যান্ডের মানুষদের জন্য)